# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২১০
Website : www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩১৩.০২.৪৫৪.২৪-২১৪ তারিখ: ২৫-০২-২০২৪ খ্রি.

## ডিপ্লোমা-ইন- টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং , ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ফিসারিজ, লাইভস্টক ও ডিপ্লোমা ইন ফরেস্ট্রি পরীক্ষার ফলাফল পুনঃনিরীক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নভেম্বর-ডিসেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা-ইন- টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ফিসারিজ, লাইভস্টক ও ডিপ্লোমা ইন ফরেস্ট্রি শিক্ষাক্রমের পর্ব সমাপনী পরীক্ষার ফলাফল ২২ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) প্রকাশ করা হয়েছে।

**ক) তত্ত্বীয় পরীক্ষা উত্তরপত্র পুন:নিরীক্ষণ:** উক্ত ফলাফলে যে সকল পরীক্ষার্থী উত্তরপত্র পুনঃনিরীক্ষণ করতে ইচ্ছুক তাদেরকে নির্ধারিত ফি প্রদান করে **পরীক্ষার্থীর নিজ নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে আগামী ২৭-০২-২০২৪ খ্রি: হতে ০৭-০৩-২০২৪ খ্রি: তারিখের মধ্যে অনলাইনে** আবেদন করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে আগামী ২৭-০২-২০২৪ খ্রি: হতে ০৭-০৩-২০২৪ খ্রি:_তারিখের মধ্যে অনলাইনে প্রেরিত পুনঃনিরীক্ষণের আবেদনের অনলাইন কপি প্রিন্ট করতে হবে। অতঃপর বিষয় প্রতি ৩০০ টাকা হারে পুনঃনিরীক্ষণ ফি বাবদ প্রতিষ্ঠান কর্তৃক ১২-০৩-২০২৪ খ্রিঃ হতে ১৪-০৩-২০২৪ খ্রিঃ পর্যন্ত **সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে** পরিশোধ করতে হবে। **অনলাইনে এন্ট্রি ব্যতীত পুনঃনিরীক্ষণের কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।**

**খ) CGPA এবং PF সংক্রান্ত সংশোধন:**

(১) প্রকাশিত ফলাফলে ৮ম পর্বের পরীক্ষার্থীদের CGPA উল্লেখ না থাকলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে ঐসকল শিক্ষার্থীদের ১ম, ২য় ও ৩য় পর্বের (যার জন্য যা প্রযোজ্য) প্রাপ্ত GPA এবং ট্যেবুলেশন শীট/ মার্কসীটসহ ০৭-০৩-২০২৪ খ্রি. তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন সরাসরি বোর্ডের টেক্সটাইল/কৃষি পরীক্ষা শাখায় জমা দিতে হবে।

(২) প্রকাশিত ফলাফলে PF সংক্রান্ত সংশোধনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কেন্দ্রের মাধ্যমে উপযুক্ত প্রমাণকসহ (প্রদেয় PF নম্বর, হাজিরা সীট ইত্যাদিসহ) ০৭-০৩-২০২৪ খ্রি. তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন সরাসরি বোর্ডের ডিপ্লোমা টেক্সটাইল/কৃষি পরীক্ষা শাখায় জমা দিতে হবে।

**বি:দ্র:** CGPA এবং PF এবং স্থগিত ফলাফল সংক্রান্ত সংশোধনের জন্য আবেদনের সাথে প্রতিষ্ঠান জরিমানা প্রযোজ্য হবে।

**গ) তত্ত্বীয় পরীক্ষার উত্তরপত্র পুন:নিরীক্ষণের জন্য প্রতিষ্ঠান কর্তৃক অনলাইনে আবেদনের তথ্য এন্ট্রির প্রক্রিয়া:**

www.bteb.gov.bd এর হোম পেইজে উত্তরপত্র পূণঃনিরীক্ষণ/ স্থগিত ফলাফল ➡ প্রতিষ্ঠান কোড ও পাসওয়ার্ড দিয়ে উত্তরপত্র পূণঃনিরীক্ষণের তথ্যসমূহ এন্ট্রি করতে হবে।

**ঘ) সোনালী সেবার মাধ্যমে পুনঃনিরীক্ষনের ফি জমা দেয়ার বিস্তারিত নিয়মাবলী নিম্নে Flow Chart এ উল্লেখ করা হলো:**

**ধাপ-০১** (Apply for Rescrutiny):

www.bteb.gov.bd ⇒ উত্তরপত্র পুনঃনিরীক্ষন/ স্থগিত ফলাফল ⇒ ডিপ্লোমা পর্যায় ⇒ Diploma in Textile Engineering/ Diploma in Agri/Fisheries/ Livestock Rescrutiny

| | |
|---|---|
| **Course Curriculum** | Diploma in Textile Engineering/ Diploma in Agri/Fisheries/ Livestock Engineering |
| **Exam Year** | 2023 |
| **Institution Code** | |
| **Password** | |
| **Login** | |

⇩

**Apply for Rescrutiny**

| SL NO | Roll No. | Fail Subject | |
|---|---|---|---|
| (1) | | | Apply for Rescrutiny |
| (2) | | | Apply for Rescrutiny |

Preview & Print এ যেতে হবে।

চলমান পাতা-

**ধাপ-০২: Payment Summary [০৬-০৩-২০২৪ খ্রিঃ হতে ০৭-০৩-২০২৪ খ্রি. পর্যন্ত কাজ করবে ]**

[Payment Summary List]

| SL No | Semester/ Year | Amount | Comments |
|---|---|---|---|
| 1. | 4th Semester | 900 | |
| | Total | 900 | |

Click for Online Payment

**ধাপ-০৩:** Sonali Payment Gateway এর মাধ্যমে সোনালী ব্যাংক একাউন্ট অথবা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস এর মাধ্যমে পুন:নিরীক্ষণের ফি প্রদান করতে হবে।

**৬) <u>প্রতিষ্ঠানের জন্য করনীয়</u>:**

(১) প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের আবেদন সরাসরি/ ভার্চুয়াল মাধ্যমে গ্রহন করবে।

(২) প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের পুনঃনিরীক্ষন ফি মোবাইল ব্যাংকিং/ সরাসরি গ্রহন করবে।

(৩) প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের তথ্য উপরিউল্লিখিত নির্দেশনা অনুসরন পূর্বক www.bteb.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে এন্ট্রি করবে।

(৪) প্রতিষ্ঠান সোনালী সেবার মাধ্যমে পুনঃনিরীক্ষণ ফি বোর্ডে প্রেরণ করবে।

(৫) প্রতিষ্ঠান অনলাইনে এন্ট্রিকৃত পুনঃনিরীক্ষণের তথ্যসমূহ সোনালী সেবার মাধ্যমে পরিশোধিত পুনঃনিরীক্ষণ ফিসহ সকল হার্ডকপি ডাকযোগে/ কুরিয়ার সার্ভিসে/ বাহক মারফত বোর্ডে প্রেরণ করবে।

(৬) পুনঃনিরীক্ষণের জন্য পরীক্ষার্থী কর্তৃক সরাসরি বোর্ডে কোন আবেদন গ্রহন করা হবে না। এ সংক্রান্ত কাজে কোন পরীক্ষার্থী কোনক্রমেই সরাসরি বোর্ডে উপস্থিত হতে পারবেনা।


(৭) অনলাইনে এন্ট্রিকৃত সকল বিষয়ের পুনঃনিরীক্ষণ ফি সোনালী সেবার মাধ্যমে পরিশোধ করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নিশ্চিত হতে হবে।

**স্বাক্ষরিত**
**( মোঃ কেপায়েত উল্লাহ)**
পরীক্ষা নিয়ন্ত্রক

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩১৩.০২.৪৫৪.২৪-২১৪(২১) তারিখ: ২৫-০২-২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা
৪। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৫। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৬। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৭। মহাপরিচালক, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৮-১১। সচিব/পরিচাল(কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইসিটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২। অধ্যক্ষ/পরিচালক..............................................................................
১৪। উপ-পরিচালক(হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সনদ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬-১৭। করিকুলাম বিশেষজ্ঞ, কৃষি/টেক্সটাইল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮। সিস্টেম এনালিস্ট,বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ঢাকা (নোটিশটি Website -এ প্রকাশ করাসহ উল্লেখিত তারিখসমূহে Online কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
১৯। ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২০। চেয়ারম্যান মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২১। অফিস নথি।



(ইঞ্জিঃ ছালমা আক্তার)
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি ও টেক্সঃ)
ফোন- ০২-৫৫০০৬৫৪৪ (অফিস